

আমরা কি করি?

অনেক দেশেই কমিশনারস আছেন এবং তাদের সবারই কাজে কিছুটা পার্থক্য রয়েছে, কিন্তু সবাই শিশু ও যুবাদের ক্ষতি থেকে সুরক্ষা নিশ্চিত করতে এবং যত বেশী সম্ভব লোককে শিশুদের অধিকার সম্পর্কে জানাতে কাজ করেন।

এখানে কিছু বিষয় রয়েছে যা কিং এবং তার কর্মচারীরা ওয়েলসের শিশু ও যুবাদের জন্য করেন:

- শিশু ও যুবা সমেত প্রত্যেককে কমিশনারের সম্বন্ধে এবং শিশুদের অধিকার সম্পর্কে বলা
- শিশু এবং যুবাদের সাথে সাক্ষাত করা এবং যে সকল বিষয় তাদেরকে প্রভাবিত করে সেগুলো সম্পর্কে তারা কি বলতে চায় তা শোনা
- শিশু ও যুবাদের সাথে কমিশনারের কাজের বিষয়ে কথা বলা, তারা কি ভাবছে ওনার কি করা উচিত এবং কেমন করে সেটা করা উচিত
- কাউন্সিল এবং হেল্থ ট্রাস্টের মত প্রতিষ্ঠানগুলোর কাজকর্মগুলো দেখাশোনা করে দেখা যে তারা শিশুদের অধিকার সম্পর্কে চিন্তা ভাবনা করেন কিনা
- যে মানুষরা পার্থক্য গড়ে দিতে পারেন তাদেরকে জানানো যে শিশু ও যুবারা কোন বিষয়টাকে গুরুত্বপূর্ণ ভাবে এবং কেমন করে কোন কিছুর উন্নয়ন ঘটানো যায়
- যে শিশু এবং প্রাপ্তবয়স্করা কমিশনারের দলের সাথে যোগাযোগ করেন তাদের উপদেশ দেওয়া এবং তথ্য প্রদান করা।